

## বেরোবির ডিসির বিরুদ্ধে ইউজিসির তদন্ত কমিটি

রংপুর যুরো

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ডিসি ড. একেএম নূর-উন-নবী<sup>১</sup> বিরুদ্ধে দুর্নীতি, অনিয়ম, অব্যবস্থাপনা, স্বৈচ্ছাচারিতাপন নানা অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। ইউজিসি সদস্য অধ্যাপক ড. মো. আখতার হোসেনকে তদন্ত কমিটির আহ্বায়ক করা হয়েছে। শিগগিরই কমিটির সদস্যরা বেরোবিতে তদন্তে আসবেন বলে ইউজিসির ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত পরিচালক ফেরদৌস জামানের সই করা এক চিঠিতে জানা গেছে। তদন্ত কমিটির সদস্য সচিব করা হয়েছে ম্যানেজমেন্ট বিভাগের সহকারী পরিচালক রবিউল ইসলামকে। আর সদস্য হিসেবে আছেন ইউজিসির যুগ্ম সচিব (প্রশাসন) ড. মো. ফকরুল ইসলাম। তদন্ত কমিটিকে শিগগিরই প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ডিসি ড. একেএম নূর-উন-নবী যুগান্তরকে জানিয়েছেন, আমি তদন্ত সংক্রান্ত কোনো চিঠি পাইনি।